



ফ্যাক্ট শিট - নিউ ইয়র্ক অঙ্গরাজ্যে গ্রাজুয়েশন মানদণ্ডের মূল্যায়ন নিউ ইয়র্ক স্টেট বোর্ড অফ রিজেন্টস শীতকালীন ২০২২ আঞ্চলিক মিটিং

জুলাই ২০১৯-এ, তৎকালীন চ্যান্সেলর বেটি এ. রোসা এবং বোর্ড অফ রিজেন্টস ঘোষণা করেন, তারা অঙ্গরাজ্যের হাই স্কুল গ্রাজুয়েশন মানদণ্ডগুলো পর্যালোচনা করবেন এবং নিউ ইয়র্ক অঙ্গরাজ্যে ডিপ্লোমা ডিগ্রি অর্জনের অর্থ কী তা নির্ধারণ করতে একটি রিবন কমিশন গঠন করবেন।

এই কমিশন নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের সকল শিক্ষার্থীদের জন্য শিক্ষাগত উৎকর্ষতা ও সমতা নিশ্চিতকরণে একটি ডিপ্লোমা ডিগ্রি কোন কোন ক্ষেত্রে গুরুত্ব প্রদান করবে তা খুঁজে বের করবে। তারা নিউ ইয়র্কের বৈচিত্র্যময় শিক্ষার্থীদের অভিলক্ষ জ্ঞান এবং তারা কলেজ, ক্যারিয়ার, সমাজ জীবনে উপযুক্ত কিনা এসব সূচক নিশ্চিতকরণে অন্যান্য মানদণ্ড যুক্ত করার প্রয়োজনীয়তা আছে কিনা তা বিবেচনা করবে।

আঞ্চলিক মিটিংগুলি রিবন কমিশনের কার্যক্রম সম্পর্কে জানাতে সাহায্য করে

রিবন কমিশনের কার্যক্রম জানাতে সাহায্য করার জন্য বোর্ড অফ রিজেন্টস এবং অঙ্গরাজ্যের শিক্ষা বিভাগ শিক্ষার্থীদের অভিভাবক, শিক্ষক, প্রশাসক, স্কুল সহায়তা কর্মী, উচ্চতর শিক্ষা প্রতিনিধি, ব্যবসায়ী সম্প্রদায় এবং সাধারণ মানুষ-সহ অংশীদারদের কাছ থেকে ইনপুট সংগ্রহ করছে। এসব মতামত সংগ্রহে, অঙ্গরাজ্যজুড়ে আঞ্চলিক মিটিং অনুষ্ঠিত হচ্ছে। ২০২০ সালে শীতকালীন বৈশিষ্ট্য মিটিং অনুষ্ঠিত হলেও, এই আঞ্চলিক সভাগুলি ২০২১ সালের ডিসেম্বরে পুনরায় শুরু হবে।

প্রতিটি আঞ্চলিক সভায়, অংশগ্রহণকারীরা পাঁচটি গাইডিং কোয়েশ্বনের ওপর আলোচনা ও মতামত প্রদান করার জন্য ছোট ছোট দলে বিভক্ত হওয়ার সুযোগ পাবেন:

1. শিক্ষার্থীদের গ্রাজুয়েশন শুরু করার পূর্বে কোন কোন বিষয় সম্পর্কে জানা থাকা উচিত বা কোন কোন কাজ করার সম্ভবতা থাকা উচিত?
2. আমরা কিভাবে চাই যে, শিক্ষার্থীদের নিজ নিজ সংস্কৃতি, ভাষা এবং অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে কিভাবে এ ধরনের জ্ঞান ও দক্ষতা প্রদর্শন করবে?
3. আপনি শিক্ষা ও কৃতিত্বকে কিভাবে পরিমাপ করবেন (যেহেতু এটি উপরের #২ নং প্রশ্নের উত্তরগুলোর সাথে সম্পর্কিত), কোন কোন বিষয়গুলো হাই স্কুল সমাপনীর নির্দেশক এবং কোনগুলো শিক্ষার্থীদের সাফল্যের সম্ভাবনাগুলো সক্রিয় করে?
4. বিশেষ জনগোষ্ঠী যেমন: প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিখছে এমন শিক্ষার্থীদের ক্ষেত্রে দক্ষতা ও জ্ঞানের প্রতিফলন কিভাবে সঠিকভাবে পরিমাপ করা যায়?
5. কোন কোর্সে অংশগ্রহণের যোগ্যতা বা পরীক্ষা সকল শিক্ষার্থীদের কলেজ, ক্যারিয়ার ও সমাজ জীবনে উপযুক্ততা নিশ্চিত করবে?

“আমাদের প্রতিটি সন্তানের জন্যই শিক্ষার সুযোগ তৈরি করতে হবে, যা তাদের জ্ঞান, দক্ষতা ও আচরণ বিকাশের সুযোগ তৈরি করবে এবং সামগ্রিকভাবে তাদের উচ্চতর শিক্ষা, সুন্দর ক্যারিয়ার এবং কমিউনিটির একজন সুযোগ্য সদস্য হিসেবে গড়ে উঠতে সহায়তা করবে। নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের প্রতিটি শিক্ষার্থীর জন্য সর্বোৎকৃষ্ট গুণগত মান নিশ্চিত করতে আমি এবং বোর্ড প্রতিশ্রুতিবদ্ধ। একটি একক নিয়মের ছকে ফেলে সকল শিক্ষার্থীর জন্য শিক্ষা ব্যবস্থা দাঁড় করালে তা ফলপ্রসূ হবে না বরং সকল শিক্ষার্থীর জন্য সমানভাবে সাফল্য লাভের সুযোগ তৈরি করার জন্য আমাদের এই ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে।” - চ্যান্সেলর লেস্টার ডব্লিউ ইয়ং, জুনিয়র



Office of the Board of Regents
89 Washington Avenue, Room 110
Albany, NY 12234
Tel. (518) 474-5889
Fax (518) 486-2405
E-mail: RegentsOffice@nysed.gov



New York State
EDUCATION DEPARTMENT
Knowledge > Skill > Opportunity

নিউ ইয়র্ক অঙ্গরাজ্যে গ্রাজুয়েশন মানদণ্ড মূল্যায়নের খসড়া টাইমলাইন

প্রথম পর্যায়: তথ্য সংগ্রহ ও শিখন	<ul style="list-style-type: none">• নভেম্বর ২০১৯ থেকে মার্চ ২০২০<ul style="list-style-type: none">□ অন্যান্য অঙ্গরাজ্যে গবেষণা এবং অনুশীলন সংক্রান্ত প্রকাশনা পর্যালোচনা□ জানুয়ারি থেকে মার্চ ২০২০-এর মধ্যে অঙ্গরাজ্যে অনুষ্ঠিত মিটিংগুলো থেকে মতামত সংগ্রহ• মার্চ ২০২০ : কোভিড-১৯ মহামারীর কারণে সব আঞ্চলিক মিটিং বাতিল• শরৎ ২০২১ : অনলাইনে আঞ্চলিক মিটিং পুনরায় শুরু• গ্রীষ্ম ২০২২ : আঞ্চলিক মিটিং-এর মতামত সংকলন• শরৎ ২০২২ : রিভন কমিশন (বিআরসি) গঠন এবং মিটিং-এর খসড়া সময়সূচি নির্ধারণ
দ্বিতীয় পর্যায়: রু রিভন কমিশন	<ul style="list-style-type: none">• নভেম্বর ২০২২ : কমিশনের প্রথম মিটিং - বিআরসি কাজের পরিধি নির্ধারণ• ডিসেম্বর ২০২২ : রু রিভন কমিশনের দ্বিতীয় মিটিং-এ অগ্রাধিকারযোগ্য বিষয় চিহ্নিতকরণ এবং পরবর্তী পদক্ষেপের জন্য ফ্রেমওয়ার্ক তৈরি। তাছাড়া, অগ্রাধিকারযোগ্য বিষয়ের জন্য উপ-দল গঠন।• জানুয়ারি ২০২৩ - এপ্রিল ২০২৩ : উপ-দলের মিটিং• মে ২০২৩ - জুলাই ২০২৩ : উপ-দলসমূহ কর্তৃক সুপারিশসমূহ প্রস্তাব• শরৎ ২০২৩ - শীত ২০২৪ : উপ-দলগুলো কর্তৃক বিআরসি-কে অধিকতর কার্যকর সুপারিশসমূহ প্রস্তাবনা• শীত ২০২৪ - বসন্ত ২০২৪ : বিআরসি কর্তৃক সুপারিশসমূহ চূড়ান্তকরণ এবং একটি প্রতিবেদন তৈরি
তৃতীয় পর্যায়: রিজেন্টসদের আলোচনা	<ul style="list-style-type: none">• বসন্ত / গ্রীষ্ম ২০২৪ : রু রিভন কমিশনের চূড়ান্ত প্রতিবেদন বিবেচনার জন্য বোর্ড অফ রিজেন্টের কাছে উপস্থাপন

“পরিষ্কার করে বলা যাক: এই প্রচেষ্টা কেবল আমাদের গ্রাজুয়েশনের মানদণ্ড পরিবর্তনের জন্য নয়। বরং আমাদের সন্তানরা যেন একটি অর্থপূর্ণ ডিপ্লোমা-সহ গ্রাজুয়েশনের জন্য প্রস্তুত হতে পারে সে জন্য একটি বিভিন্ন উপায় খুঁজে বের করা। আমাদের উদ্দেশ্য এটা নিশ্চিত করা যে, শিক্ষার্থীরা যা শিখছে তা তাদের জন্য প্রাসঙ্গিক এবং সমাজের জন্যও তা উপযোগী। আমরা চাচ্ছি, একটি স্কুল কমিউনিটি গড়ে তুলতে এবং শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীদের মধ্যে একটি সম্পর্ক স্থাপনের মাধ্যমে সবাইকে নিয়ে একসঙ্গে কাজ করা এবং সর্বোপরি শিক্ষাদান ও জ্ঞান অর্জন ব্যবস্থার উন্নয়ন।”

- কমিশনার বেটি এ. রোসা

অবগত থাকুন

একটি স্বচ্ছ এবং অর্থপূর্ণ তথ্য সংগ্রহ প্রক্রিয়ার জন্য, নিউ ইয়র্ক শিক্ষা বিভাগ একটি গ্রাজুয়েশন মানদণ্ড ওয়েবসাইট তৈরি করেছে যা পুরো প্রক্রিয়াজুড়ে সব অগ্রগতি হালনাগাদ করবে। সাইটটি থেকে আপনি ই-মেইলের মাধ্যমে উন্মুক্তভাবে মতামত জমা দিতে পারবেন এবং ই-মেইল আপডেটের জন্য সাবস্ক্রাইব করতে পারবেন।

- ওয়েবসাইট: nysed.gov/grad-measures
- উন্মুক্ত মতামত পাঠানোর ই-মেইল: GradMeasures@nysed.gov
- হ্যাশট্যাগ: Twitter, Facebook ও LinkedIn -এ #NYSGradMeasures হ্যাশট্যাগ ব্যবহার করুন।

সর্বশেষ হালনাগাদ ১১/১২/২১



Office of the Board of Regents
89 Washington Avenue, Room 110
Albany, NY 12234
Tel. (518) 474-5889
Fax (518) 486-2405
E-mail: RegentsOffice@nysed.gov



New York State
EDUCATION DEPARTMENT
Knowledge > Skill > Opportunity